

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা

www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০০৩.২২.১০২

তারিখ: ২৩ চৈত্র ১৪৩০

০৬ এপ্রিল ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: **Policy Formulation; e-Governance & ICT Course-এর ৫ম ব্যাচে কর্মকর্তা মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিয়াম ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন ‘Strengthening Institutional Capacity of BIAM for Conducting Core Courses (1st Revised)’ শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় Policy Formulation, E-governance & ICT Course-এর ৫ম ব্যাচের প্রশিক্ষণ আগামী মে/জুন-২০২৪ মাসে বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় অনুষ্ঠিত হবে। কোর্সের অভ্যন্তরীণ প্রশিক্ষণের মেয়াদ ১৫ (পনেরো) দিন ও আবাসিক। উক্ত প্রশিক্ষণে সরকারের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিববৃন্দ আবেদন করতে পারবেন। উল্লেখ্য, ১৫-২০ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে।

২। যে সকল কর্মকর্তা উক্ত প্রশিক্ষণ কোর্সে আবেদন করতে পারবেন না:

(ক)	যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে Policy Formulation, E-governance & ICT বিষয়ে বৈদেশিক প্রশিক্ষণ বা উচ্চতর ডিগ্রি অর্জন করেছেন;
(খ)	বর্ণিত প্রকল্পের আওতায় কোনো প্রশিক্ষণ গ্রহণ করেছেন;
(গ)	২০২৪ সালে এনডিসি কোর্স সমাপ্ত করেছেন বা এনডিসি কোর্সের জন্য মনোনীত হয়েছেন এবং দীর্ঘমেয়াদে কোনো প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন বা করবেন;
(ঘ)	জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ অনুযায়ী যে সকল কর্মকর্তার বয়স ৫৭ (সাতান্ন) বছরের বেশি।

৩। আগ্রহী কর্মকর্তাগণ আগামী ০৮ মে ২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, কক্ষ-১০১, ভবন নং-৩, ২য় তলা} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।

সংযুক্তি: আবেদন ফরম।

৮-৪-২০২৪

মোঃ মিনহাজুর রহমান

সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৫৭১১৩
ইমেইল: it3@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) প্রকল্প পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বর্ণিত বিজ্ঞপ্তি ও সংযুক্ত আবেদন ফরম এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।